

রেফারেন্স: আই.সি.এস./এডমিন/এইচও/লেটার/৯৮

তারিখ: ২০ অক্টোবর, ২০১০

সোর্স: ডি:\২০১০\পিংকসিটি-ম্যানেজমেন্ট\সোসাইটি ম্যানেজমেন্ট\পিংকসিটি কাষ্টমার লেটার

সম্মানিত গ্রাহক,  
পিংক সিটি জেনোভ্যালী ফেইজ-১

**বিষয়: পিংক সিটি জেনোভ্যালী ফেইজ-১ প্রকল্পের রেজিস্ট্রেশন ও তৎসংশ্লিষ্ট টাউনশীপ নিয়ম-কানুন সম্পর্কে অবহিতকরণ প্রসঙ্গে।**

সম্মানিত গ্রাহক,

আসসালামু আলাইকুম।

আপনি জানিয়া আনন্দিত হইবেন যে, পিংক সিটি জেনোভ্যালীর আর্কিটেকচারাল ও ল্যান্ডস্কেইপ ডিজাইন এবং উহার পরিবেশ-বান্ধব উপাদানসমূহকে দীর্ঘস্থায়ী অবস্থায় প্রতিষ্ঠিত করিবার নিমিত্তে দেশের বিশিষ্ট কয়েকজন আইনজ্ঞ ও চিন্তাবিদগণের গুরুত্বপূর্ণ মতামত এবং আপনাদের মূল্যবান পরামর্শসমূহ সন্নিবেশিত করিয়া পিংক সিটি জেনোভ্যালী ফেইজ-১ প্রকল্পের নিয়ম-কানুন (সংক্ষেপে আরআরপিসি) সম্বলিত একটি সংকলন ইতিমধ্যেই প্রকাশ করা হইয়াছে। এছাড়াও উপরোক্ত নিয়ম-কানুনসমূহ সন্নিবেশিত করিয়া ফেইজ-১ প্রকল্পের গ্রাহকগণের জন্য প্রযোজ্য সাফ-কবলা দলিলের একটি খসড়া নমুনাও প্রকাশ করা হইয়াছে। রেজিস্ট্রেশন প্রক্রিয়াও আগামী ডিসেম্বর ২০১০ইং হইতে যথারীতি শুরু হইবে। এমতাবস্থায় নিম্নোক্ত কয়েকটি বিষয়ে আপনাদের অবহিতকরণ প্রয়োজন বলিয়া মনে করিতেছি-

পিংক সিটি জেনোভ্যালী বাংলাদেশের অন্যান্য প্রকল্পের মতো একটি সাধারণ রিয়েল এস্টেট প্রকল্প নয় এবং উহার টাউনশীপ উপাদানসমূহের যথাযথ সংরক্ষণ ও পরিচর্যার জন্যে সূষ্ঠা পরিকল্পনা, ব্যবস্থাপনা ও সময় সাধনের পাশাপাশি আপনাদের ঐকবদ্ধ সমর্থন অত্যন্ত জরুরী। অথচ বিগত কয়েকদিন আগে সম্মানিত গ্রাহকগণের একটি অংশ তথাকথিত সোসাইটির নামে কিছু অগ্রহনযোগ্য তৎপরতা চালাইয়াছেন - যাহা আমরা গভীরভাবে পর্যবেক্ষণ করিতেছি। সম্মানিত গ্রাহকগণের মধ্য হইতে এমন কোন উদ্যোগ, তৎপরতা বা কর্মকান্ড কখনই কাঙ্ক্ষিত নয় যাহা একটি নিরবিচ্ছিন্ন ব্যবস্থাপত্র প্রনয়নে আমাদের ধৈর্যচ্যুতি ঘটাইতে পারে কিংবা গ্রাহকগণের মধ্যকার একতা বিনষ্ট করিতে পারে। এ ব্যাপারে আপনাদের সদা সতর্ক থাকিবার আহ্বান জানানো যাইতেছে। (অত্যন্ত দুঃখজনক হলেও সত্য যে, আমাদের পার্শ্ববর্তী একটি প্রকল্পে তথাকথিত সোসাইটির নামে একাধিক সোসাইটি গঠিত হইয়াছে এবং ঐসব সোসাইটির মধ্যে ঝগড়া-ফ্যাসাদ লাগিয়াই আছে - যাহা কখনও আমাদের কাম্য হইতে পারে না)।

প্রস্তাবিত আরআরপিসি সম্মানিত গ্রাহকগণের সাথে সম্পাদিত ডীড অব এগ্রিমেন্ট এর পটভূমি অর্জনবিহিত বিষয়বস্তুর সাথে সামঞ্জস্যশীল এবং উক্ত এগ্রিমেন্টের ৬ নং ধারা অনুযায়ী এফিডেভিটপূর্বক ঘোষিত হওয়া আবশ্যিক। কাজেই সম্মানিত গ্রাহকগণকে তাহাদের স্ব স্ব বাড়ীর দলিল রেজিস্ট্রেশনের পূর্বেই উল্লেখিত আরআরপিসি-এর ঘোষণাপত্র রেজিস্ট্রেশনের জন্যে অনুরোধ জানানো যাইতেছে। উপরোক্ত আরআরপিসি ও সাফ-কবলা দলিল রেজিস্ট্রেশনের পরই কেবলমাত্র একজন গ্রাহক পিংক সিটি হোম ওনার্স এসোসিয়েশন এর সদস্য হওয়ার যোগ্যতা অর্জন করিবেন, এছাড়া অন্য যে কোন ধরনের কর্মকান্ড, তাহা যতো ভাল উদ্দেশ্যেই করা হইয়া থাকুক না কেন, সামগ্রিক সংবেদনশীলতার কারণে তাহা শৃঙ্খলা বিনষ্টকারী তৎপরতা হিসাবে পরিগণিত হইবে।

২

প্রস্তাবিত আরআরপিসি বর্তমানে ভার্সন-১ হিসাবে প্রণীত হইতেছে যাহার সংশোধন, বিয়োজন, সংযোজন ইত্যাদি হইবে একটি চলমান প্রক্রিয়া। কতিপয় ক্ষেত্রে আপনাদের সুচিন্তিত পরামর্শ ও মতামতের জন্য আমরা কৃতজ্ঞতা প্রকাশ করিতেছি। এখনও যদি কাহারও কোন প্রকার মতামত বা গুরুত্বপূর্ণ পরামর্শ থাকিয়া থাকে তাহা হইলে উহা [www.pinkcitybd.com](http://www.pinkcitybd.com) ওয়েবসাইটে ঢুকিয়া customer feedback এর মাধ্যমে অথবা লিখিত চিঠির আকারে আমাদের কাছে পৌঁছাইতে পারেন।


পিংক সিটি জেনোভ্যালী প্রকল্পটিতে ফেইজ-১ ছাড়াও আরও বেশ কয়েকটি ফেইজ নির্মাণাধীন অথবা ভবিষ্যৎ পরিকল্পনায় বিদ্যমান রহিয়াছে যাহাদের সর্বত্রই সামগ্রিকভাবে একই ধরনের নিয়ম-কানুন প্রণীত হইতেছে। কোন কোন ফেইজের অধিবাসীগণের ক্ষেত্রে আলোচ্য নিয়ম-কানুন আরও ব্যাপ্ত ও কঠোরতর করা হইয়াছে। কিন্তু কমন প্রপার্টিজের অন্তর্ভুক্ত ইজমেন্ট সুবিধাসমূহ বিভিন্ন ফেইজ এলাকায় বিস্তৃত রহিয়াছে। এমতাবস্থায় ফেইজ-১ প্রকল্পটিকে অথবা অন্য যে কোন একটি ফেইজকে আলাদা বা বিচ্ছিন্নভাবে দেখার বা মনে করার কোনই অবকাশ নেই এবং এ ব্যাপারে যে কোন প্রকার শৃঙ্খলা পরিপন্থী তৎপরতা শুরুতেই নস্যাৎ করিবার প্রয়োজনে আমাদেরকে কিছুটা কঠোরতা অবলম্বন করিতে হইবে বিধায় আমরা আপনাদের কাছে আগেই ক্ষমা চাহিয়া নিতেছি।

আমাদের সামগ্রিক জীবনে নিয়ম-শৃঙ্খলার প্রতি একরকম অনভ্যন্তরতার কারণে কোন কোন ক্ষেত্রে প্রস্তাবিত আরআরপিসি প্রথমদিকে কিছুটা কষ্টদায়ক ও স্বাধীনতার পরিপন্থী বলিয়া মনে হইতে পারে, অথচ পিংক সিটির সর্বাঙ্গীণভাবে নিখুঁত ও ছন্দময় পরিবেশ এবং সুশৃঙ্খল জীবনাচার সদা সর্বদা বিরাজমান দেখিতে চাহিলে সবাইকেই কিছু না কিছু কষ্ট স্বীকার করিতে হইবে। পিংকসিটির সম্মানিত গ্রাহকগণের মাঝে এই ব্যাপারে আমরা প্রসংশনীয় স্বতঃস্ফূর্ততা দেখিয়াছি এবং ভবিষ্যতেও এই ধারা অব্যাহত থাকিবে বলিয়া আমরা দৃঢ়ভাবে আশা করি।

আপনাদের জন্য একটি সর্বাঙ্গীণ সুন্দর শহর বিনির্মাণে আমাদের প্রতিটি প্রচেষ্টা কাজে লাগুক এই প্রত্যাশা করিতেছি।

আপনাদের সবাইকে হেমন্তের শুভেচ্ছা

আব্বাস হাফেজ



(মোঃ সালাহ উদ্দিন)

ব্যবস্থাপনা পরিচালক



### অনুলিপি বিতরণঃ

১. চীফ এডমিনিস্ট্রেটিভ অফিসার (সিএও), পিংক সিটি জেনোভ্যালী সাইট অফিস
২. ইনচার্জ, এডমিন এন্ড এইচ আর, হেড অফিস, কলাবাগান
৩. ইনচার্জ, সিআরডি, হেড অফিস, কলাবাগান
৪. ইচার্জ, মডিফিকেশন ডিপার্টমেন্ট, হেড অফিস, কলাবাগান
৫. ইনচার্জ, এসআরডি, সেলস অফিস, পাতুপথ
৬. ওয়েবসাইট নোটিশ বোর্ড, (ইসূর তারিখ হইতে পরবর্তী অন্ততপক্ষে ৯০ দিন দৃশ্যমান থাকিতে হইবে)
৭. নোটিশ বোর্ড, সকল অফিস